**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**
**Date : 22-05-2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 PM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**
**Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

-
১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ 'অমৃত ভারত স্টেশন' প্রকল্পের আওতায় মোট
১০৩ টি নবরূপে সজ্জিত স্টেশনের উদ্বোধন করেছেন। এর মধ্যে রয়েছে রাজ্যের তিনটি স্টেশন- ঘোষ পাড়া, পানাগড় এবং জয়চন্ডী পাহাড়।
# তিনি বলেন, NDA সরকারের আমলে দেশে রেল পরিকাঠামোর অভূতপূর্ব উন্নতি হয়েছে।
২/ প্রধানমন্ত্রী বলেছেন, 'অপারেশন সিন্দুর' অভিযানের আওতায় ভারত, পাকিস্তানে সন্ত্রাসবাদীদের ঘাঁটিগুলি নষ্ট করে যোগ্য জবাব দিয়েছে।
৩/ কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড-জিআরএসি ভারতীয় নৌসেনার জন্য পাঁচটি আধুনিক যুদ্ধজাহাজ নির্মাণের বরাত পেতে চলেছে।
৪/ সুপ্রিম কোর্টের নির্দেশে চাকরিহারা ৬০০ জন শিক্ষক উচ্চপ্রাথমিকে নিয়োগে সুযোগ দেওয়ার দাবি জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন।
৫/ বাংলার পেস বোলার যুধাজিত গুহ ভারতের অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলে ইংল্যান্ড সফরে নির্বাচিত হয়েছেন।

*****************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ 'অমৃত ভারত স্টেশন' প্রকল্পের আওতায় আজ মোট ১০৩ টি নবরূপে সজ্জিত স্টেশনের উদ্বোধন করেছেন। এর মধ্যে রয়েছে নদীয়ার কল্যাণী ঘোষ পাড়া, পশ্চিম বর্ধমানের পানাগড় এবং পুরুলিয়ার জয়চন্ডী পাহাড় স্টেশন। স্টেশনগুলিতে রয়েছে অত্যাধুনিক নানা সুযোগ সুবিধা, বিশ্রাম কক্ষ, ডর্মেটারি, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ওয়েটিং রুম প্রভৃতি। আধুনিক পরিকাঠামোর সঙ্গে স্টেশনগুলিতে সাংস্কৃতিক ঐতিহ্য ও যাত্রী স্বাচ্ছন্দের মেলবন্ধন ঘটানো হয়েছে।
রাজস্থানের বিকানের থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই প্রকল্পের উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, বিজেপি নেতৃত্বাধীন NDA সরকারের আমলে দেশে রেল পরিকাঠামোর অভূতপূর্ব উন্নতি হয়েছে। জনগণকেই নবরূপে সজ্জিত স্টেশনগুলির প্রকৃত মালিক হিসেবে অভিহিত করে প্রধানমন্ত্রী তাঁদের পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বজায় রাখার আর্জি জানান।

( বাইট- প্রধানমন্ত্রী অমৃত স্টেশন )

এই প্রসঙ্গে 'অপারেশন সিন্দুর'-এর উল্লেখ করে শ্রী মোদী বলেন, এই অভিযানের আওতায় ভারত পাকিস্তানে সন্ত্রাসবাদীদের ঘাঁটিগুলি নষ্ট করে যোগ্য জবাব দিয়েছে। সন্ত্রাসবাদ মোকাবিলাতে এই 'অপারেশন সিন্দুর' তিনটি নতুন উদাহরণ স্থাপন করেছে। প্রত্যেক জঙ্গী হামলার ভারত যোগ্য প্রত্যুত্যর দেবে এবং তা' কিভাবে, তা দেশের সশস্ত্র বাহিনী স্থির করবে বলে তিনি মন্তব্য করেন। সন্ত্রাসবাদী তৎপরতার মূল চক্রী এবং যারা তাতে মদত দিচ্ছে, দুজনেই ভারত সমান চোখে দেখে বলেও তিনি মন্তব্য করেন।

( বাইট- মোদী সন্ত্রাসবাদ )

এই অনুষ্ঠানে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতীয় রেলে এক অভূতপূর্ব পরিবর্তন হয়েছে।

**************************

নতুনভাবে সাজানো **পুরুলিয়ার জয়চন্ডী পাহাড়** রেল স্টেশনের আধুনিকীকরণের খরচ হয়েছে ১১ কোটি টাকারও বেশি। আজকের অনুষ্ঠানে সশস্ত্র বাহিনীর জওয়ানদের
পরিবারের সদস্যদের বিশেষভাবে সম্মানিত করা হয় দক্ষিণ পূর্ব রেলের আদ্রা ডিভিশনের পক্ষ থেকে। দুটি লিফ্ট, রাম্প, আধুনিক শৌচাগার, পানীয় জল, এবং দিব্যাঙ্গজনদের জন্য উন্নত পরিষেবার ব্যবস্থা সহ রয়েছে নানা সুবিধা।
উল্লেখ্য, এই জয়চন্ডী পাহাড় এলাকায়, পরিচালক সত্যজিৎ রায়ের 'হীরক রাজার দেশে' সিনেমার শুটিং হয়েছিল।
**কল্যাণীর ঘোষপাড়া** স্টেশনটিকে নতুনভাবে সাজিয়ে তুলতে খরচ হয়েছে প্রায় চার কোটি টাকা। এর আওতায় তিন হাজার ১০০ বর্গ মিটার জুড়ে ছাউনি, অত্যাধুনিক বিশ্রামাগার, ভিন্নভাবে সক্ষম ব্যক্তিদের জন্য টিকিট কাউন্টার সহ নানারকম সুযোগ সুবিধা রয়েছে।
আজকের অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর, রাণাঘাটের সাংসদ জগন্নাথ সরকার, বিধায়ক অম্বিকা রায় প্রমুখ উপস্থিত ছিলেন। শান্তনু ঠাকুর বলেন, ঘোষপারার এই অমৃত ভারত স্টেশন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকশিত ভারতের চিন্তাভাবনাকেই সাকার করে তুলেছে।

( **বাইট- শান্তনু ঠাকুর** )

স্টেশনে অত্যাধুনিক নানা সুবিধা পেয়ে খুশী যাত্রীরাও। প্রধানমন্ত্রীর নেতৃত্বেই দেশে রেল ব্যবস্থার এই আধুনিকীকরণ সম্ভব হয়েছে বলে জানালেন এক যাত্রী।

( বাইট- **ঘোষপাড়া / যাত্রী** )

পূর্ব রেলের আসানসোল ডিভিশনের **পানাগড় স্টেশনে**ও যাত্রী স্বাচ্ছন্দের কথা মাথায় রেখেই আধুনিকীকরণ করা হয়েছে। যাত্রীদের সুবিধার্থে স্টেশনের দক্ষিণদিকে নতুন প্রবেশদ্বারের পাশাপাশি দু'ধারে টিকিট কাউন্টার সহ বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে। বয়স্ক মহিলা ও অসুস্থদের যাতায়েতের জন্য প্রতিটি প্ল্যাটফর্মে বসানো হয়েছে লিফট। মহিলাদের নিরাপত্তা ও সুরক্ষায় স্টেশনে গৃহীত ব্যবস্থা নিয়ে সন্তোষ প্রকাশ করলেন এমনই এক যাত্রী –

( বাইট- **পানাগড়/ যাত্রী** )

****************************

কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড–জিআরএসি ভারতীয় নৌসেনার জন্য পাঁচটি আধুনিক যুদ্ধজাহাজ নির্মাণের বরাত পেতে চলেছে। ২৫,হাজার কোটি টাকার এই প্রকল্পে পাঁচটি পরবর্তী প্রজন্মের করভেট নির্মাণে সর্বনিম্ন দরদাতা হিসেবে সংস্থা এই বরাত পেতে চলেছে বলে জানা গেছে। নতুন প্রজন্মের করভেটগুলি হবে সেকেন্ড–স্ট্রাইক সক্ষম, অ্যান্টি–মিসাইল ডিফেন্স, সারফেস অ্যাকশন গ্রুপে মারিটাইম স্ট্রাইক, এবং অ্যান্টি–সাবমেরিন ওয়ারফেয়ারসহ একাধিক ভূমিকার জন্য উপযুক্ত। এগুলিতে থাকবে পরিবেশ–বান্ধব ডিজাইন ও এনার্জি এফিশিয়েন্ট প্রযুক্তি। বর্তমানে জিআরএসি চারটি পরবর্তী প্রজন্মের নজরদারি জলযান, তিনটি অত্যোাধুনিক গাইটেট মিসাইলবাহী রণতরী, আটটি সাবমেরিন বিরোধী জলযান, এবং চারটি বড় সমীক্ষক জলযান নির্মাণের কাজ করছে। যার মধ্যে দু'টি ইতিমধ্যে নৌসেনার হাতে তুলে দেওয়া হয়েছে।

****************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয় ২০২৫–২৬ শিক্ষাবর্ষে একাধিক জাতীয় নিরাপত্তা বিষয়ক পাঠক্রম চালু করছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিশ্ববিদ্যালয়ের অরুণাচল প্রদেশের পাসিঘাট ক্যাম্পাসের ডিরেক্টর ইনচার্জ অবিনাশ খারেল জানিয়েছেন,সাইবার সিকিউরিটি,ফরেনসিক সায়েন্স, কৃত্রিম বুদ্ধিমত্তা সহ বিভিন্ন বিষয়ে ছাত্র ছাত্রীরা স্নাতক, স্নাতকোত্তর,ডিপ্লোমা,পিজি ডিপ্লোমা ও পিএইচডি করতে পারবে। এই পাঠক্রমের উদ্দেশ্য হল দক্ষ পেশাদারদের গড়ে তোলা, যারা বর্তমান ও ভবিষ্যতে জাতীয় নিরাপত্তায় যেকোনো বিঘ্ন মোকাবিলায় পারদর্শী হবে।

****************************

'অপারেশন সিন্দুর'–এর মাধ্যমে ভারতীয় সেনাবাহিনী যেভাবে পাকিস্তানে জঙ্গি ঘাঁটি গুলি ধ্বংস করেছে তাতে দেশবাসী হিসেবে তিনি গর্বিত বলে জানিয়েছেন চিত্র পরিচালক রাজদীপ পাল। ভারত সরকারকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন সীমান্তে সেনাবাহিনীর জওয়ানদের নিষ্ঠার সঙ্গে কর্তব্য পালনের কারণেই দেশের মানুষ শান্তিতে থাকতে পারে।

( বাইট- রাজদীপ )

****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৫ শে মে, আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২২ তম পর্ব।
ওইদিন বেলা ১১ টা থেকে আকাশবাণীর সবকটি কেন্দ্র, সোশ্যাল মিডিয়া এবং দূরদর্শনে মন কি বাত সরাসরি সম্প্রচারিত হবে।

****************************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজ্য সরকারের বিরুদ্ধে উত্তরবঙ্গকে বঞ্চনার অভিযোগ এনেছেন।
শিলিগুড়িতে আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, উত্তরবঙ্গে চা–শিল্পই উত্তরবঙ্গের মানুষের অন্যতম প্রধান জীবিকা। কিন্তু বর্তমান সরকারের আমলে বিভিন্ন চা বাগানের জমিতে অবৈধ প্রকল্প চলেছে। চা শ্রমিকদের বঞ্চিত করে মালিকদের সুরক্ষা দেওয়া হচ্ছে। তাঁর দাবী, উত্তরবঙ্গ থেকেই রাজ্যে সবচেয়ে বেশী রাজস্ব আসে, তা সত্বেও এটি সর্বাধিক বঞ্চনার শিকার।
রাজ্যে বিদ্যুতের ঘাটতি নেই বলে মুখ্যমন্ত্রী দাবী করলেও, উত্তরবঙ্গে কেন এতো বিদ্যুৎ বিভ্রাট, সেই নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

( বাইট- শুভেন্দু )

মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক উত্তরবঙ্গ সফরকে কটাক্ষ'ও করেন শুভেন্দু। আগামী মাসে বিজেপি উত্তরকন্যা অভিযানে নামবে বলেও তিনি জানিয়েছেন।

****************************

সুপ্রিম কোর্টের নির্দেশে চাকরিহারা ৬০০ জন শিক্ষক উচ্চ প্রাথমিকে নিয়োগে সুযোগ দেওয়ার দাবি জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। তাঁদের দাবি ২০১৬ সালে উচ্চ প্রাথমিকে নিয়োগ এবং নবম –দশম, একাদশ ও দ্বাদশের নিয়োগ প্রক্রিয়ার বিজ্ঞপ্তি একই সময় প্রকাশিত হয়েছিল। কিন্তু নবম থেকে –দ্বাদশের নিয়োগ প্রক্রিয়া আগেই সম্পন্ন হওয়ায় তারা চাকরি পেয়ে যান। সেই জন্য স্কুল সার্ভিস কমিশন এস এস সি, পঞ্চম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত উচ্চ প্রাথমিকের ইন্টারভিউতে এদের বসতে দেয়নি।
উচ্চ প্রাথমিকে যেহেতু এখনো নিয়োগ চলছে, তাই তাদের এখানে সুযোগ দেওয়ার জন্যে এই প্রার্থীরা আরও দাবি জানিয়েছেন। কারণ হিসেবে তারা জানিয়েছেন, সুপ্রিমকোর্টের নির্দেশ মোতাবেক কোনো প্রার্থী চাইলে পুরনো চাকরিতে ফেরত যেতে পারবেন।

****************************

বিকাশভবনের সামনে আন্দোলনকারী চাকরিহারাদের মধ্যে সুদীপ কোণার ও ইন্দ্রজিৎ মণ্ডলকে আপাতত বিধাননগরে ঢোকার উপর নিষেধাজ্ঞা আরোপের জন্য রাজ্যের তরফে আজ হাইকোর্টে মৌখিক আবেদন জানানো হয়েছে। আইনজীবি সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, এই আন্দোলনের জেরে এলাকার অন্ততঃ ৫৫টি সরকারি দপ্তরে কাজকর্মের অসুবিধা হচ্ছে, ১৯ জন পুলিশ কর্মী অসুস্থ হয়ে পড়েছেন। শিক্ষকদের এই আন্দোলনে বেশ কিছু গ্রুপ–ডি কর্মীও কেন যোগ দিয়েছেন, সেই প্রশ্ন তোলেন তিনি। অবিলম্বে আন্দোলনকারীদের সেখান থেকে সরানোর'ও দাবী জানান কল্যাণবাবু।

এই মামলায় রাজ্যকে আবেদনের অনুমতি দিয়েছে আদালত। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ আগামীকাল সব পক্ষের আবেদন বিবেচনা করে রায় দেবেন বলে জানা গেছে।

**************************

খাগড়াগড় বিস্ফোরণ কান্ডের তদন্তে জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ মুর্শিদাবাদের সাগরপাড়ার দুই যুবককে তলব করে। খয়রামারি গ্রামের বাসিন্দা হাবিবুর রহমান এবং খাঁপাড়ার বাসিন্দা গোলাম কিবরিয়া আজ নিউটাউনে NIA-র কার্যালয়ে হাজিরা দেন। জাতীয় তদন্তকারী সংস্থার ডেপুটি পুলিশ সুপার হিরন্ময় মজুমদার তাদের জেরা করেন। ভবিষ্যতে আবার তাদের ডাকা হতে পারে ।

**************************

আসন্ন ইংল্যান্ড সফরের জন্য ভারতের অনূর্ধ্ব–১৯ ক্রিকেট দলে নির্বাচিত হয়েছেন বাংলার পেস বোলার যুধাজিৎ গুহ। এই সফরে ৫০ ওভারের একটি প্রস্তুতি ম্যাচের পর এরপর পাঁচ টি একদিনের ম্যাচের সিরিজ হবে। বাংলার তরুণ প্রতিভাবান এই বোলারের ভারতীয় দলে ডাক পাওয়ার পর তাঁর পারফরম্যান্সের দিকে তাকিয়ে রয়েছে বাংলার ক্রিকেটমহল।

*************************************************************

গ্রামীণ নিকাশি ২২/৫

রাজ্যের গ্রামীণ নিকাশি ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে সুস্থায়ী পরিকল্পনা তৈরি করতে রাজ্যের পঞ্চায়েত দফতর আগামীকাল বৈঠকে বসছে। নিউ টাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে এই বৈঠকে রাজ্যের সব জেলাশাসক ও জিটিএ–র প্রিন্সিপাল সেক্রেটারিকে অংশগ্রহনের নির্দেশ দেওয়া হয়েছে।
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মিশন ডিরেক্টর এবং অতিরিক্ত সচিবের তরফে এই মর্মে এক বিজ্ঞপ্তিও জারি করা হয়েছে । এ ছাড়াও প্রতিটি জেলার মহকুমা আধিকারিক এবং সমস্ত
ব্লক উন্নয়ণি আধিকারিকদের উপস্থিতি আবশ্যিক
বলেও উল্লেখ করা হয়েছে।
পাশাপাশি এই কর্মসূচিতে বিভিন্ন দপ্তরের পদাধিকারিক এবং ইউনিসেফ, ইউএনওপিএস, ওয়াটার এইডের মত আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণেরও অনুরোধ জানানো হয়েছে।

অভিরূপ

পানীয় জল ২২/৫

: বাড়ি বাড়ি পিএইচই–র সংযোগ হলেও ছয় বছরেও জল না আসায় সঙ্কটে ভুগছে মালদার চাঁচোল ২ ব্লকের পুরাতন থানপুরের প্রায় তিন শ পরিবার। পানীয় জলের জন্য গভীর নলকূপ থাকলেও সেই জল আর্সেনিকযুক্ত। গৃহস্থালির কাজের জন্য গ্রামের পাশে থাকা মহানন্দা নদীর উপর ভরসা করতে হয় গ্রামবাসীকে। জৈষ্ঠের তীব্র গরমে জল সঙ্কটে জেরবার হয়ে পানীয় জলের দাবিতে আজ রাস্তায় বালতি রেখে বিক্ষোভ দেখান মহিলারা। তাদের অভিযোগ, এনিয়ে এলাকায় নেতা জনপ্রতিনিধিরা গ্রামে গেলে প্রতিশ্রুতি দেন ।কিন্তু সমস্যা আজও মেটেনি। পঞ্চায়েতের তরফেও পর্যাপ্ত পানীয় জলের ব্যবস্থা নেই । তাই জলের চাহিদা মেটাতে নদীর জলকেই ভরসা করতে বাসিন্দাদের। আর পানীয় জলের জন্য ছুটতে হয় অনেকটাদূর।
চাঁচল মহকুমা পিএইচই অ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার সুমিত ঘোষ বলেন,বাসিন্দারা কেউ বিষয়টি জানাইনি। জল সরবরাহ পরিষেব যাতে স্বাভাবিক হয়,দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।

পি টি সি

চাকরীহারা ( অ্যাড ) ২২-০৫-২৫

এদিকে সল্টলেকের বিকাশভবনের সামনে চাকরীহারা শিক্ষকদের আন্দোলনে বিশৃঙ্খলার ঘটনায় দুই শিক্ষক নেতা ইন্দ্রজিত মন্ডল ও সুদীপ কোনার আজ সকালে বিধাননগর উত্তর থানায় হাজিরা দেন। ঘন্টা দেড়েক তাঁদের জিজ্ঞাসাবাদ করা হয় বলে জানা গেছে। বিষয়টি নিয়ে এই শিক্ষক নেতারা কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলে আদালত মৌখিকভাবে তাদের থানায় হাজিরা দেওয়ার নির্দেশ দেন।

অন্যদিকে সুপ্রিম কোর্টের রায়ে যোগ্য অযোগ্যদের বিষয়টি পর্যালোচনা করে রাজ্য সরকার চাকরী বাঁচানোর জন্য সদর্থক ভূমিকা পালন করছে না বলে চাকরীহারা শিক্ষকদের একাংশ অভিযোগ করেছেন। গতকাল তারা প্রদেশ কংগ্রেস কার্যালয়ে গিয়ে দলের সভাপতি শুভঙ্কর সরকারের সঙ্গে সাক্ষাত্ করেন। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর কাছে যাতে রাজনৈতিক দলগুলি তাদের সমস্যার কথা পৌঁছে দিতে পারে, তার অনুরোধও জানিয়েছেন চাকরীহারা যোগ্য শিক্ষকরা।

Manas sarobar (৭.৫০) ২২/৫

দীর্ঘ পাঁচ বছর পর আগামী মাসে আবার শুরু হচ্ছে কৈলাশ মানস সরোবর যাত্রা। চীন ও ভারতের মধ্যে সীমান্ত উত্তেজনা পরিপ্রেক্ষিতে ২০২০ সালে এই যাত্রা স্হগিত করা হয়েছিল। পরিস্হিতি কিছুটা স্বাভাবিক হতেই এবছর ২৫ শে জুন থেকে তীর্থযাত্রা আবার শুরু হচ্ছে। চলবে আগষ্ট মাস পর্যন্ত।

এবছর ৫ হাজার ৫৫১ জন আবেদনকারীর মধ্যে ৭৫০ জনকে মানস সরোবর যত্রার অনুমোদন দেওয়া হয়েছে বলে জানা গেছে । এই অনুমোদিত ৭৫০ জন তীর্থ যাত্রী দুটি রুটে তাদের যাত্রা করতে পারবেন।প্রতিটি ব্যাচে ২ জন করে লিয়াজো অফিসার থাকবেন।

আই পি এল/ অরুপ/মনোজ ২২/৫

কলকাতা থেকে আই পি এল ক্রিকেট ম্যাচ আমেদাবাদে স্থানান্তরিত করা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে রাজ্যের ক্রীড়া মন্ত্রী অরুপ বিশ্বাস মন্তব্য করেছেন । তিনি আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, আইন-শৃঙ্খলার অবনতি বা বৃষ্টি কোন কারনেই আইপিএলের দ্বিতীয় কোয়ালিফায়ার এবং ফাইনাল ম্যাচ এ রাজ্য থেকে স্থানান্তরিত করার প্রয়োজন ছিল না।শ্রী বিশ্বাস আরও বলেন বাংলার মানুষ এ ক্ষেত্রেও বঞ্চনার শিকার হলেন।

( বাইট)

সাংবাদিক বৈঠকে কলকাতার পুলিশ কমিশনার মনোজ কুমার ভার্মা বলেন, কলকাতায় যে সাতটি ম্যাচ খেলা হয়েছে সেখানে কোনো রকম দুর্ঘটনা ঘটেনি । বাকি দুটি ম্যাচেও একই রকম নিরাপত্তার ব্যবস্থা থাকত বলে তিনি আশ্বাস দেন।
উল্লেখ্য, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সমাজ মাধ্যমে এক পোস্টে বলেন, যে আইনশৃঙ্খলার অবনতি হওয়ার জন্যই আইপিএল স্থানান্তরিত করা হয়েছে।
অন্যদিকে বিসিসিআই জানিয়েছে কলকাতায় বৃষ্টির পূর্বাভাস থাকায় শেষ দুটি ম্যাচ আমেদাবাদে খেলা হবে।

কাশফিন

উচ্চ প্রাথমিকে /হাইকোর্ট ২২/৫

সুপ্রিম কোর্টের নির্দেশে চাকরিহারা ৬০০ জন শিক্ষক উচ্চ প্রাথমিকে নিয়োগে সুযোগ দেওয়ার দাবি জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন ।
তাদের দাবি ২০১৬ সালে উচ্চ প্রাথমিকে নিয়োগ এবং নবম -দশম, একাদশ ও দ্বাদশের নিয়োগ প্রক্রিয়ার বিজ্ঞপ্তি একই সময় প্রকাশিত হয়েছিল।
কিন্তু নবম থেকে -দ্বাদশের নিয়োগ প্রক্রিয়া আগেই সম্পন্ন হওয়ায় তারা চাকরি পেয়ে যান।সেই জন্য স্কুল সার্ভিস কমিশন এস এস সি, পঞ্চম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত উচ্চ প্রাথমিকের ইন্টারভিউতে এদের বসতে দেয়নি।
উচ্চ প্রাথমিকে যেহেতু এখনো নিয়োগ চলছে, তাই তাদের এখানে সুযোগ দেওয়ার জন্যে এই প্রার্থীরা আরও দাবি জানিয়েছেন । কারন হিসেবে তারা জানিয়েছেন, সুপ্রিমকোর্টের নির্দেশ মোতাবেক কোনো প্রার্থী চাইলে পুরনো চাকরিতে ফেরত যেতে পারবেন।
উল্লেখ্য একই দাবিতে এর আগে বেশ কয়েকজন চাকরিহারা আবেদন জানিয়েছিলেন হাইকোর্টের কাছে।নতুন করে আরো প্রায় ৬০০ জন মামলা করলেন উচ্চ আদালতে।

মানস

চাকরীহারাদের নিষেধাজ্ঞা ২২-০৫-২৫

বিকাশভবনের সামনে আন্দোলনকারী চাকরিহারাদের মধ্যে সুদীপ কোণার ও ইন্দ্রজিৎ মণ্ডলকে আপাতত বিধাননগরে ঢোকার উপর নিষেধাজ্ঞা আরোপের জন্য রাজ্যের তরফে আজ হাইকোর্টে মৌখিক আবেদন জানানো হয়েছে। আইনজীবি সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, এই আন্দোলনের জেরে এলাকার অন্ততঃ ৫৫টি সরকারি দপ্তরে কাজকর্মের অসুবিধা হচ্ছে, ১৯ জন পুলিশ কর্মী অসুস্থ হয়ে পড়েছেন। শিক্ষকদের এই আন্দোলনে বেশ কিছু গ্রুপ-ডি কর্মীও কেন যোগ দিয়েছেন, সেই প্রশ্ন তোলেন তিনি। অবিলম্বে আন্দোলনকারীদের সেখান থেকে সরানোর'ও দাবী জানান কল্যাণবাবু।
এই মামলায় রাজ্যকে আবেদনের অনুমতি দিয়েছে আদালত। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ আগামীকাল সব পক্ষের আবেদন বিবেচনা করে রায় দেবেন বলে জানা গেছে।

Manas Naskar Reporting AIR:

'অমৃত স্টেশন'/ মোদী ( ৬-৩৫) ২২-০৫-২৫

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ 'অমৃত ভারত স্টেশন' প্রকল্পের আওতায় আজ মোট ১০৩ টি নবরূপে সজ্জিত স্টেশনের উদ্বোধন করেছেন। এর মধ্যে রয়েছে নদীয়ার কল্যাণী ঘোষ পাড়া, পশ্চিম বর্ধমানের পানাগড় এবং পুরুলিয়ার জয়চন্ডী পাহাড় স্টেশন। স্টেশনগুলিতে রয়েছে অত্যাধুনিক নানা সুযোগ সুবিধা, বিশ্রাম কক্ষ, ডর্মেটারি, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ওয়েটিং রুম প্রভৃতি। আধুনিক পরিকাঠামোর সঙ্গে স্টেশনগুলিতে সাংস্কৃতিক ঐতিহ্য ও যাত্রী স্বাচ্ছন্দের মেলবন্ধন ঘটানো হয়েছে।

রাজস্থানের বিকানের থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই প্রকল্পের উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, বিজেপি নেতৃত্বাধীন NDA সরকারের আমলে দেশে রেল পরিকাঠামোর অভূতপূর্ব উন্নতি হয়েছে। জনগণকেই নবরূপে সজ্জিত স্টেশনগুলির প্রকৃত মালিক হিসেবে অভিহিত করে প্রধানমন্ত্রী তাঁদের পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বজায় রাখার আর্জি জানান। (বাইট- প্রধানমন্ত্রী অমৃত স্টেশন )

এই প্রসঙ্গে 'অপারেশন সিন্দুর'-এর উল্লেখ করে শ্রী মোদী বলেন, এই অভিযানের আওতায় ভারত পাকিস্তানে সন্ত্রাসবাদীদের ঘাঁটিগুলি নষ্ট করে যোগ্য জবাব দিয়েছে। সন্ত্রাসবাদ মোকাবিলাতে এই 'অপারেশন সিন্দুর' তিনটি নতুন উদাহরণ স্থাপন করেছে। প্রত্যেক জঙ্গী হামলার ভারত যোগ্য প্রত্যুত্যর দেবে এবং তা' কিভাবে, তা দেশের সশস্ত্র বাহিনী স্থির করবে বলে তিনি মন্তব্য করেন। সন্ত্রাসবাদী তৎপরতার মূল চক্রী এবং যারা তাতে মদত দিচ্ছে, দুজনেই ভারত সমান চোখে দেখে বলেও তিনি মন্তব্য করেন। ( বাইট- মোদী সন্ত্রাসবাদ )

এই অনুষ্ঠানে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতীয় রেলে এক অভূতপূর্ব পরিবর্তন হয়েছে।

স্টেশন/ জয়চন্ডী-পানাগড়-ঘোষপাড়া (৭-৫০) ২২-০৫-২১৫

নতুনভাবে সাজানো **পুরুলিয়ার জয়চন্ডী পাহাড়** রেল স্টেশনের আধুনিকীকরণের খরচ হয়েছে ১১ কোটি টাকারও বেশি। আজকের অনুষ্ঠানে সশস্ত্র বাহিনীর জওয়ানদের
পরিবারের সদস্যদের বিশেষভাবে সম্মানিত করা হয় দক্ষিণ পূর্ব রেলের আদ্রা ডিভিশনের পক্ষ থেকে। দুটি লিফ্ট, রাম্প, আধুনিক শৌচাগার, পানীয় জল, এবং দিব্যাঙ্গজনদের জন্য উন্নত পরিষেবার ব্যবস্থা সহ রয়েছে নানা সুবিধা।

উল্লেখ্য, এই জয়চন্ডী পাহাড় এলাকায়, পরিচালক সত্যজিৎ রায়ের 'হীরক রাজার দেশে' সিনেমার শুটিং হয়েছিল।

**কল্যাণীর ঘোষপাড়া** স্টেশনটিকে নতুনভাবে সাজিয়ে তুলতে খরচ হয়েছে প্রায় চার কোটি টাকা। এর আওতায় তিন হাজার ১০০ বর্গ মিটার জুড়ে ছাউনি, অত্যাধুনিক বিশ্রামাগার, ভিন্নভাবে সক্ষম ব্যক্তিদের জন্য টিকিট কাউন্টার সহ নানারকম সুযোগ সুবিধা রয়েছে।

আজকের অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর, রাণাঘাটের সাংসদ জগন্নাথ সরকার, বিধায়ক অম্বিকা রায় প্রমুখ উপস্থিত ছিলেন। শান্তনু ঠাকুর বলেন, ঘোষপারার এই অমৃত ভারত স্টেশন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকশিত ভারতের চিন্তাভাবনাকেই সাকার করে তুলেছে। ( **বাইট- শান্তনু ঠাকুর** )

স্টেশনে অত্যাধুনিক নানা সুবিধা পেয়ে খুশী যাত্রীরাও। প্রধানমন্ত্রীর নেতৃত্বেই দেশে রেল ব্যবস্থার এই আধুনিকীকরণ সম্ভব হয়েছে বলে জানালেন এক যাত্রী।

( বাইট- **ঘোষপাড়া / যাত্রী** )

পূর্ব রেলের আসানসোল ডিভিশনের **পানাগড় স্টেশনে**ও যাত্রী স্বাচ্ছন্দের কথা মাথায় রেখেই আধুনিকীকরণ করা হয়েছে। যাত্রীদের সুবিধার্থে স্টেশনের দক্ষিণদিকে নতুন প্রবেশদ্বারের পাশাপাশি দু'ধারে টিকিট কাউন্টার সহ বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে। বয়স্ক মহিলা ও অসুস্থদের যাতায়েতের জন্য প্রতিটি প্ল্যাটফর্মে বসানো হয়েছে লিফট। মহিলাদের নিরাপত্তা ও সুরক্ষায় স্টেশনে গৃহীত ব্যবস্থা নিয়ে সন্তোষ প্রকাশ করলেন এমনই এক যাত্রী - ( বাইট- **পানাগড়/ যাত্রী** )

শুভেন্দুর অভিযোগ (৭-৫০) ২২-০৫-২৫

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজ্য সরকারের বিরুদ্ধে উত্তরবঙ্গকে বঞ্চনার অভিযোগ এনেছেন।
শিলিগুড়িতে আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, উত্তরবঙ্গে চা-শিল্পই উত্তরবঙ্গের মানুষের অন্যতম প্রধান জীবিকা। কিন্তু বর্তমান সরকারের আমলে বিভিন্ন চা বাগানের জমিতে অবৈধ প্রকল্প চলেছে। চা শ্রমিকদের বঞ্চিত করে মালিকদের সুরক্ষা দেওয়া হচ্ছে। তাঁর দাবী, উত্তরবঙ্গ থেকেই রাজ্যে সবচেয়ে বেশী রাজস্ব আসে, তা সত্ত্বেও এটি সর্বাধিক বঞ্চনার শিকার।

রাজ্যে বিদ্যুতের ঘাটতি নেই বলে মুখ্যমন্ত্রী দাবী করলেও, উত্তরবঙ্গে কেন এতো বিদ্যুৎ বিভ্রাট, সেই নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

( বাইট- শুভেন্দু )

মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক উত্তরবঙ্গ সফরকে কটাক্ষ'ও করেন শুভেন্দু। আগামী মাসে বিজেপি উত্তরকন্যা অভিযানে নামবে বলেও তিনি জানিয়েছেন।

পিটিসি / শ্রাবণী

নিরাপত্তা বিষয়ক পাঠক্রম ২২/৫

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয় ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাধিক জাতীয় নিরাপত্তা বিষয়ক পাঠক্রম চালু করছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিশ্ববিদ্যালয়ের অরুণাচল প্রদেশের পাসিঘাট ক্যাম্পাসের ডিরেক্টর ইনচার্জ অবিনাশ খারেল জানিয়েছেন,সাইবার সিকিউরিটি,ফরেনসিক সায়েন্স, কৃত্রিম বুদ্ধিমত্তা সহ বিভিন্ন বিষয়ে ছাত্র ছাত্রীরা স্নাতক, স্নাতকোত্তর,ডিপ্লোমা,পিজি ডিপ্লোমা ও পিএইচডি করতে পারবে। এই পাঠক্রমের উদ্দেশ্য হল দক্ষ পেশাদারদের গড়ে তোলা, যারা বর্তমান ও ভবিষ্যতে জাতীয় নিরাপত্তায় যেকোনো বিঘ্ন মোকাবিলায় পারদর্শী হবে।
শ্রী খারেল বলেন,গুজরাট, অরুনাচল প্রদেশ,উত্তর প্রদেশ, কর্ণাটক সহ বিভিন্ন রাজ্যে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস রয়েছে। এই বিশ্ববিদ্যালয় ইতিমধ্যেই সারা দেশে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে ৪২৫টির বেশি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ২১হাজারেরও বেশি পেশাদারকে প্রশিক্ষিত করেছে।
ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস চ্যান্সেলর ডক্টর কল্পেশ এইচ ওয়ান্দ্রা জানিয়েছেন,বর্তমানে রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয় পশ্চিমবঙ্গের ৩৫জন ছাত্রছাত্রী শিক্ষাগ্রহণ করছে। পাসিঘাট ক্যাম্পাসের অধ্যাপিকা ঋদ্ধি ব্যানার্জি জানিয়েছেন,শীঘ্রই তাদের ক্যাম্পাসে একটি ড্রাগ টেস্টিং গবেষণা কেন্দ্র চালু করা হচ্ছে। পশ্চিমবঙ্গের ছাত্র ছাত্রীদের জন্য নিকটবর্তী হিসেবে অরুনাচল প্রদেশের ক্যাম্পাস সবচেয়ে সুবিধাজনক বলে শ্রীমতি ব্যানার্জি দাবি করেন।

পাঁচটি আধুনিক যুদ্ধজাহাজ ২২/৫

কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড-জিআরএসি ভারতীয় নৌসেনার জন্য পাঁচটি আধুনিক যুদ্ধজাহাজ নির্মাণের বরাত পেতে চলেছে। ২৫,হাজার কোটি টাকার এই প্রকল্পে পাঁচটি পরবর্তী প্রজন্মের করভেট নির্মাণে সর্বনিম্ন দরদাতা হিসেবে সংস্থা এই বরাত পেতে চলেছে বলে জানা গেছে। নতুন প্রজন্মের করভেটগুলি হবে সেকেন্ড-স্ট্রাইক সক্ষম, অ্যান্টি-মিসাইল ডিফেন্স, সারফেস অ্যাকশন গ্রুপে মারিটাইম স্ট্রাইক, এবং অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ারসহ একাধিক ভূমিকার জন্য উপযুক্ত। এগুলিতে থাকবে পরিবেশ-বান্ধব ডিজাইন ও এনার্জি এফিশিয়েন্ট প্রযুক্তি।বর্তমানে জিআরএসি চারটি পরবর্তী প্রজন্মের নজরদারি জলযান, তিনটি অত্যোাধুনিক গাইটেট মিসাইলবাহী রণতরী, আটটি সাবমেরিন বিরোধী জলযান, এবং চারটি বড় সমীক্ষক জলযান নির্মাণের কাজ করছে।যার মধ্যে দু'টি ইতিমধ্যে নৌসেনার হাতে তুলে দেওয়া হয়েছে।

অভিরূপ

রাজদীপ পরিচালক/ সিন্দুর ২২/৫

অপারেশন সিঁদুর এর মাধ্যমে ভারতীয় সেনাবাহিনী যেভাবে পাকিস্তানে জঙ্গি ঘাঁটি গুলি ধ্বংস করেছে তাতে দেশবাসী হিসেবে তিনি গর্বিত বলে জানিয়েছেন চিত্র পরিচালক রাজদীপ পাল। ভারত সরকারকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন সীমান্তে সেনাবাহিনীর জওয়ানদের নিষ্ঠার সঙ্গে কর্তব্য পালনের কারণেই দেশের মানুষ শান্তিতে থাকতে পারে।

বাইট- রাজদীপ

অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলে বাংলার বোলার ২২/০৫/২৫

আসন্ন ইংল্যান্ড সফরের জন্য ভারতের অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলে নির্বাচিত হয়েছেন বাংলার পেস বোলার যুধাজিৎ গুহ। এই সফরে ৫০ ওভারের একটি প্রস্তুতি ম্যাচের পর এরপর পাঁচ টি একদিনের ম্যাচের সিরিজ হবে। বাংলার তরুণ প্রতিভাবান এই বোলারের ভারতীয় দলে ডাক পাওয়ার পর তাঁর পারফরম্যান্সের দিকে তাকিয়ে রয়েছে বাংলার ক্রিকেটমহল।

স্পোর্টস

আবহওয়া ২২/৫

রাজ্যে অনুকূল বায়ুপ্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় প্রায় সব জেলাতেই কম বেশি বিক্ষিপ্ত বৃষ্টি হওয়ার সম্ভাবনা। কেরালায় আগামী দু এক দিনের মধ্যে বর্ষা আসতে চলেছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে। ।
এদিকে উত্তর বঙ্গোপসাগরে আগামী ২৭ তারিখে একটি নিম্নচাপ অক্ষরেখা তৈরি হতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন। । এরফলে ২৮ ও ২৯ তারিখ রাজ্যের উপকূলবর্তী জেলা গুলিতে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।
বাইট
এদিকে গতকালের বৃষ্টির পর আজ তাপমাত্রার পারদ অনেকটাই নিচে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ৩১ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ৩ দশমিক ৬ ডিগ্রি কম। সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২২ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৪ দশমিক পাঁচ ডিগ্রী কম।

কর সংগ্রহ ২২/৫

প্রয়োজনীয় অনুমতি ছাড়া ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থায় কোন গ্রাম পঞ্চায়েত বা জেলা পরিষদ এবং পুরসভা কর্তৃপক্ষ নিজেদের মতো করে নাগরিকদের কাছ থেকে কর সংগ্রহ করতে পারবে না বলে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। নবান্ন সূত্রে জানা গেছে, মুখ্য সচিব মনোজ পন্থ , রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তর এবং পুর ও নগর উন্নয়ন দপ্তরকে এই মর্মে নির্দেশ দিয়েছেন।

মুখ্য সচিবের নির্দেশের পরেই দুটি দপ্তর থেকে সব জেলা শাসক দের এই নির্দেশ কঠোরভাবে কার্যকর করতে বলা হয়েছে। কোন গ্রাম পঞ্চায়েত বা পুরসভা, সরকারি অনুমতি ছাড়া উন্নয়নের নামে স্থানীয়ভাবে নাগরিকদের কাছ থেকে এই ধরনের রাজস্ব আদায় করলে, তা সরকারি নির্দেশিকাকে অমান্য করে নেওয়া হচ্ছে ধরে নিয়ে ওই পঞ্চায়েত বা পুর কর্তৃপক্ষের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা নির্দেশিকায় জানানো হয়েছে।
উল্লেখ্য রাজ্যের বেশ কিছু জেলা পরিষদ , গ্রাম পঞ্চায়েত এবং পুরসভা , রাজস্ব সংগ্রহের নামে সাধারণ মানুষের কাছ থেকে জোর করে টাকা তুলছে বলে অভিযোগ এর প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উত্তরবঙ্গ সফরে গিয়ে স্থানীয়ভাবে কোন পঞ্চায়েত বা পুরসভা এই ধরনের রাজস্ব আদায় করতে পারবে না বলে জানিয়েছিলেন।

সুমন

মায়ের হাতে শিশুর মৃত্যু ২২-০৫-২৫

নদীয়ার করিমপুরে মায়ের হাতে দুই শিশুর মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। বাচ্চারা কথা না শোনায় গতকাল মৌসুমি মজুমদার বৈরাগ্য নামে ওই মহিলা এগারো ও ন'বছরের দুই ছেলেকে শিল-নোড়া দিয়ে আঘাত করেন বলে অভিযোগ। পরে তাঁর স্বামী বাড়িতে এসে দুই ছেলেকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখে স্থানীয় হাসপাতালে নিয়ে যান। অবস্থার অবনতি হওয়ায় তাদের বহরমপুর হাসপাতালে স্থানান্তরিত করা হয়। সেখানে গতরাতেই মৃত্যু হয় ছোট ছেলে অর্ঘদেবের। আজ বিকেলে মারা যায় বড় ছেলে বুদ্ধদেব। পুলিশ এই ঘটনায় মৌসুমীকে গ্রেপ্তার করা হয়েছে।

শিপ্রাদি

ডানকুনিতে ডিজে/ গ্রেপ্তার-৬ ২২-০৫-২৫

হুগলীর ডানকুনিতে একটি অনুষ্ঠানে ডিজে বাজানো বন্ধ করতে গেলে পুলিশকে মারধোরের ঘটনায় ৬'জনকে গ্রেপ্তার করা হয়েছে। এদের আজ শ্রীরামপুর আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়।
গতকাল গভীর রাতের ওই ঘটনায় পাঁচ পুলিশ কর্মী আহত হন।
পুলিশ সুত্রে জানা গেছে, গভীর রাত অবদি ডিজে চলছিল বলে পুলিশ তা' বন্ধ করতে যায়। সেইসময় স্থানীয় মানুষজন পুলিশকে লক্ষ্য করে ইট ছোঁড়ে, অবরোধ করে রাস্তাও। পরে অবশ্য পুলিশের হস্তক্ষেপে অবরোধ উঠে যায়।

শিপ্রাদি
অমৃত ভারত/ জয়চন্ডী- পানাগড় (৬-৩৫) ২২-০৫-২১৫

নতুনভাবে সাজানো পুরুলিয়ার জয়চন্ডী পাহাড় রেল স্টেশনের উদ্বোধন করা হল আজ। সারা দেশের ১০৩ টি অমৃত ভারত স্টেশনের সঙ্গে এই স্টেশনকেও ভার্চুয়ালি জাতির উদ্দেশে উৎসর্গ করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই স্টেশনটির আধুনিকীকরণের খরচ হয়েছে ১১ কোটি টাকারও বেশি।

পূর্ব রেলের আসানসোল ডিভিশনের পানাগড় স্টেশনের যাত্রী স্বাচ্ছন্দের কথা মাথায় রেখে আধুনিকীকরণ করা হয়েছে। স্টেশনের দু'ধারে রয়েছে টিকিট কাউন্টারের ব্যবস্থা। এর ফলে যাত্রিদের অনেকটাই সুবিধা হবে।
বিশ্বমানের স্বাচ্ছন্দ পেয়ে খুশী যাত্রীরা।

হাবড়ায় জাল ওষুধ সহ গ্রেফতার এক ২২/০৫/২৫

উত্তর চব্বিশ পরগণার হাবড়া থেকে উদ্ধার হয়েছে বিপুল পরিমাণ জাল আয়ুর্বেদিক ওষুধ। হাবড়া পুরসভার কামারথুবা টালিখোলা মোর এলাকায় গতকাল দুপুরে গোপন সূত্রে খবর পেয়ে একটি ওষুধের কারখানায় তল্লাশি চালায় ড্রাগ কন্ট্রোল ফুড সেফটি ডিপার্টমেন্ট ও হাবরা থানার পুলিশ। কারখানা থেকে বাজেয়াপ্ত হয় বাচ্চাদের ইমুনিটি, কাশির সিরাপ সহ একাধিক অবৈধ ওষুধ। বিশ্বজিৎ ঘোষ নামে এক ব্যাক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। ওষুধ তৈরির কোনো লাইসেন্স বিশ্বজিতের কাছ থেকে পাওয়া যায়নি। অভিযুক্তকে বারাসত আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়। পুলিশ ওই কারখানা বন্ধ করে দিয়েছে।

পিটিসি

পিএম সভা (১-৪০) ২২-০৫-২৫

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী বৃহস্পতিবার আলিপুরদুয়ার জেলায় জোড়া কর্মসূচিতে অংশ নেবেন। এর প্রস্তুতিতে আজ সকালে সভাস্থল ঘুরে দেখেন রাজ্য বিজেপির সাধারণ সম্পাদক (সংগঠন) অমিতাভ চক্রবর্তী, সাধারণ সম্পাদক দীপক বর্মণ এবং আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গা। সঙ্গে ছিলেন রাজ্য বিজেপির অন্য নেতারাও। 'অপারেশন সিঁদুর' এবং ভারত-পাক সামরিক

সংঘাতের পর প্রধানমন্ত্রীর এই সফর তাৎপর্যপূর্ণ বলেই মনে করা হচ্ছে। রাজ্য বিজেপি সূত্রে খবর, প্রধানমন্ত্রী এরাজ্য সহ বিভিন্ন রাজ্যের জন্য একাধিক প্রকল্পেরও সূচনা করবেন।

ডেশক/রিকাস্ট

অমৃত ভারত /পুরুলিয়া (১-৪০)                    ২২-০৫-২৫

-

নতুন ভাবে সাজানো পুরুলিয়ার জয়চন্ডী পাহাড় রেল স্টেশনের উদ্বোধন করা হল আজ। সাড়া দেশের ১০৩ টি অমৃত ভারত স্টেশনের সঙ্গে এই স্টেশনকেও ভার্চুয়ালি জাতির উদ্দেশে উৎসর্গ করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই স্টেশনটির আধুনিকীকরণের খরচ হয়েছে ১১ কোটি টাকারও বেশি।
আজকের অনুষ্ঠানে সশস্ত্র বাহিনীর জওয়ানদের পরিবারের সদস্যদের বিশেষ ভাবে সম্মানিত করা হয় দক্ষিণ পূর্ব রেলের আদ্রা ডিভিশনের পক্ষ থেকে।
দুটি লিস্ট, রাম্প, আধুনিক সুবিধা যুক্ত শৌচাগার, পানীয় জলের সুবিধা, দিব্যাংগ জনদের জন্য উন্নত পরিষেবা সহ বহু ব্যবস্থাকে নতুন ভাবে সাজানো হয়েছে।
উল্লেখ্য, এই জয়চন্ডী পাহাড় এলাকায়, পরিচালক সত্যজিৎ রায়ের 'হীরক রাজার দেশে 'সিনেমার শুটিং হয়েছিল।

পিটিসি + ডেস্ক

Irrigation (১-৪০)                    22-05-25

উত্তরবঙ্গে আত্রেই নদীর বাঁধ ভেঙে যাওয়ার ঘটনায় রাজ্য সরকার সেচ দপ্তরের ছয় জন ইঞ্জিনিয়ার কে সাসপেন্ড করেছে। পাশাপাশি দপ্তরের উত্তর ডিভিশনের মুখ্য ইঞ্জিনিয়ার কে কারণ দর্শানোর নোটিশ জারি করার সঙ্গে নির্মাণকারী সংস্থার বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য বাঁধ ভেঙে যাওয়ার ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উত্তরবঙ্গ সফরে গিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করে খুব দ্রুত এই ঘটনার সঙ্গে যুক্ত বিভাগের আধিকারিক, কর্মীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছিলেন।

সুমন

Manas sarobar (১–৪০ ) ২২–০৫–২৫

দীর্ঘ পাঁচ বছর পর আবার শুরু হচ্ছে কৈলাশ মানস সরোবর যাত্রা। চীন ও ভারতের মধ্যে সীমান্ত উত্তেজনা পরিপ্রেক্ষিতে ২০২০ সালে এই যাত্রা স্হগিত করা হয়েছিল। পরিস্হিতি কিছুটা স্বাভাবিক হতেই এবছর ২৫ শে জুন থেকে তীর্থযাত্রা আবার শুরু হচ্ছে। চলবে আগষ্ট মাস পর্যন্ত।
জানা গেছে, এবছর ৫ হাজার ৫৫১ জন আবেদ নকারীর মধ্যে ৭৫০ জনকে মানস সরোবর যত্রার অনুমোদন দেওয়া হয়েছে।
এই অনুমোদিত ৭৫০ জন তীর্থ যাত্রী দুটি রুটে তাদের যাত্রা করতে পারবেন।প্রতিটি ব্যাচে ২ জন করে লিয়াজো অফিসার থাকবেন।

-
-
-
-
-
-
-
-

NIA/ খাগড়াগড় (৭–৫০ ) ২২–০৫–২৫

খাগড়াগড় বিস্ফোরণ কান্ডের তদন্তে জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ মুর্শিদাবাদের সাগরপাড়ার দুই যুবককে তলব করে। খয়রামারি গ্রামের বাসিন্দা হাবিবুর রহমান এবং খাঁপাড়ার বাসিন্দা গোলাম কিবরিয়া আজ নিউটাউনে NIA-র কার্যালয়ে হাজিরা দেন। জাতীয় তদন্তকারী সংস্থার ডেপুটি পুলিশ সুপার হিরন্ময় মজুমদার তাদের জেরা করেন। ভবিষ্যতে আবার তাদের ডাকা হতে পারে ।

উল্লেখ্য ২০১৪ সালে জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ খাগড়াগড় বিস্ফোরণ কান্ডের তদন্তভার গ্রহণ করে। এরই অঙ্গ হিসাবে এই দুজনকে তলব করা হল বলে জানা গেছে।

পিটিসি মুর্শিদাবাদ

রামমোহন ( ১–৪০ )

বাংলার নবজাগরণের পথিকৃৎ, সমাজ সংস্কারক রাজা রামমোহন রায়ের আজ ২৫৩-তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে। রাজা রামমোহন রায়ের ঐকান্তিক ও নিরলস প্রচেষ্টায় রদ হয়েছিল সতীদাহ প্রথা। তিনি ছিলেন ব্রাহ্ম সমাজের অন্যতম প্রতিষ্ঠাতা। তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক সংগঠন নানা অনুষ্ঠানের আয়োজন করেছে। কলকাতা পুরসভার উদ্যোগে ময়দানে রাজা রামমোহন রায়ের মূর্তিতে পুষ্পার্ঘ নিবেদন করে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন হবে।
মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, ভারত পথিক রাজারামমোহন রায়ের জন্মদিবসে শ্রদ্ধা নিবেদন করেছেন। রাজা রামমোহন রায় ভারতের নবজাগরণের অগ্রদূত এবং রাজনৈতিক মুক্তির দিশারী ছিলেন বলে উল্লেখ করেন তিনি।

নিরাপত্তা বিষয়ক পাঠক্রম ২২/৫

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয় ২০২৫–২৬ শিক্ষাবর্ষে একাধিক জাতীয় নিরাপত্তা বিষয়ক পাঠক্রম চালু করছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিশ্ববিদ্যালয়ের অরুণাচল প্রদেশের পাসিঘাট ক্যাম্পাসের ডিরেক্টর ইনচার্জ অবিনাশ

খারেল জানিয়েছেন,সাইবার সিকিউরিটি,ফরেনসিক সায়েন্স,কৃত্রিম বুদ্ধিমত্তা সহ বিভিন্ন বিষয়ে ছাত্র ছাত্রীরা স্নাতক, স্নাতকোত্তর,ডিপ্লোমা,পিজি ডিপ্লোমা ও পিএইচডি করতে পারবে। এই পাঠক্রমের উদ্দেশ্য হল দক্ষ পেশাদারদের গড়ে তোলা,যারা বর্তমান ও ভবিষ্যতে জাতীয় নিরাপত্তায় যেকোনো বিঘ্ন মোকাবিলায় পারদর্শী হবে।

শ্রী খারেল বলেন,গুজরাট,অরুনাচল প্রদেশ,উত্তর প্রদেশ,কর্ণাটক সহ বিভিন্ন রাজ্যে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস রয়েছে। এই বিশ্ববিদ্যালয় ইতিমধ্যেই সারা দেশে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে ৪২৫টির বেশি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ২১হাজারেরও বেশি পেশাদারকে প্রশিক্ষিত করেছে।

ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস চ্যান্সেলর ডক্টর কল্পেশ এইচ ওয়ান্দ্রা জানিয়েছেন,বর্তমানে রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয় পশ্চিমবঙ্গের ৩৫জন ছাত্রছাত্রী শিক্ষাগ্রহণ করছে। পাসিঘাট ক্যাম্পাসের অধ্যাপিকা ঋদ্ধি ব্যানার্জি জানিয়েছেন,শীঘ্রই তাদের ক্যাম্পাসে একটি ড্রাগ টেস্টিং গবেষণা কেন্দ্র চালু করা হচ্ছে। পশ্চিমবঙ্গের ছাত্র ছাত্রীদের জন্য নিকটবর্তী হিসেবে অরুনাচল প্রদেশের ক্যাম্পাস সবচেয়ে সুবিধাজনক বলে শ্রীমতি ব্যানার্জি দাবি করেন।

পাঁচটি আধুনিক যুদ্ধজাহাজ ২২/৫

কলকাতার গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড-জিআরএসি ভারতীয় নৌসেনার জন্য পাঁচটি আধুনিক যুদ্ধজাহাজ নির্মাণের বরাত পেতে চলেছে। ২৫,হাজার কোটি টাকার এই প্রকল্পে পাঁচটি পরবর্তী প্রজন্মের করভেট নির্মাণে সর্বনিম্ন দরদাতা হিসেবে সংস্থা এই বরাত পেতে চলেছে বলে জানা গেছে। নতুন প্রজন্মের করভেটগুলি হবে সেকেন্ড-স্ট্রাইক সক্ষম,অ্যান্টি-মিসাইল ডিফেন্স,সারফেস অ্যাকশন গ্রুপে মারিটাইম স্ট্রাইক,এবং অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ারসহ একাধিক ভূমিকার জন্য উপযুক্ত। এগুলিতে থাকবে পরিবেশ-বান্ধব ডিজাইন ও এনার্জি এফিশিয়েন্ট প্রযুক্তি।বর্তমানে জিআরএসি চারটি পরবর্তী প্রজন্মের নজরদারি জলযান,তিনটি অত্যোাধুনিক গাইটেট মিসাইলবাহী রণতরী,আটটি সাবমেরিন বিরোধী জলযান,এবং চারটি বড় সমীক্ষক জলযান নির্মাণের কাজ করছে।যার মধ্যে দু'টি ইতিমধ্যে নৌসেনার হাতে তুলে দেওয়া হয়েছে।

অভিরূপ

রাজদীপ/ সিন্দুর ২২/৫

অপারেশন সিঁদুর এর মাধ্যমে ভারতীয় সেনাবাহিনী যেভাবে পাকিস্তানে জঙ্গি ঘাঁটি গুলি ধ্বংস করেছে তাতে দেশবাসী হিসেবে তিনি গর্বিত বলে জানিয়েছেন চিত্র পরিচালক রাজদীপ পাল। ভারত সরকারকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন সীমান্তে সেনাবাহিনীর জওয়ানদের নিষ্ঠার সঙ্গে কর্তব্য পালনের কারণেই দেশের মানুষ শান্তিতে থাকতে পারে।

বাইট

আবহওয়া ২২/৫

রাজ্যে অনুকূল বায়ুপ্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় প্রায় সব জেলাতেই কম বেশি বিক্ষিপ্ত বৃষ্টি হওয়ার সম্ভাবনা। কেরালায় আগামী দু এক দিনের মধ্যে বর্ষা আসতে চলেছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে। ।

এদিকে উত্তর বঙ্গোপসাগরে আগামী ২৭ তারিখে একটি নিম্নচাপ অক্ষরেখা তৈরি হতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন। । এরফলে ২৮ ও ২৯ তারিখ রাজ্যের উপকূলবর্তী জেলা গুলিতে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

বাইট

এদিকে গতকালের বৃষ্টির পর আজ তাপমাত্রার পারদ অনেকটাই নিচে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ৩১ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস,স্বাভাবিকের থেকে ৩ দশমিক ৬ ডিগ্রি কম।সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২২ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৪ দশমিক পাঁচ ডিগ্রী কম।

কর সংগ্রহ ২২/৫

প্রয়োজনীয় অনুমতি ছাড়া ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থায় কোন গ্রাম পঞ্চায়েত বা জেলা পরিষদ এবং পুরসভা কর্তৃপক্ষ নিজেদের মতো করে নাগরিকদের কাছ থেকে কর সংগ্রহ করতে পারবে না বলে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। নবান্ন সূত্রে জানা গেছে, মুখ্য সচিব মনোজ পন্থ , রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তর এবং পুর ও নগর উন্নয়ন দপ্তরকে এই মর্মে নির্দেশ দিয়েছেন।
মুখ্য সচিবের নির্দেশের পরেই দুটি দপ্তর থেকে সব জেলা শাসক দের এই নির্দেশ কঠোরভাবে কার্যকর করতে বলা হয়েছে। কোন গ্রাম পঞ্চায়েত বা পুরসভা, সরকারি অনুমতি ছাড়া উন্নয়নের নামে স্থানীয়ভাবে নাগরিকদের কাছ থেকে এই ধরনের রাজস্ব আদায় করলে, তা সরকারি নির্দেশিকাকে অমান্য করে নেওয়া হচ্ছে ধরে নিয়ে ওই পঞ্চায়েত বা পুর কর্তৃপক্ষের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা নির্দেশিকায় জানানো হয়েছে।
উল্লেখ্য রাজ্যের বেশ কিছু জেলা পরিষদ , গ্রাম পঞ্চায়েত এবং পুরসভা , রাজস্ব সংগ্রহের নামে সাধারণ মানুষের কাছ থেকে জোর করে টাকা তুলছে বলে অভিযোগ এর প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উত্তরবঙ্গ সফরে গিয়ে স্থানীয়ভাবে কোন পঞ্চায়েত বা পুরসভা এই ধরনের রাজস্ব আদায় করতে পারবে না বলে জানিয়েছিলেন।
সুমন

'অমৃত স্টেশন'/ মোদী ( ৬-৩৫) ২২-০৫-২৫

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ 'অমৃত ভারত স্টেশন' প্রকল্পের আওতায় আজ মোট ১০৩ টি নবরূপে সজ্জিত স্টেশনের উদ্বোধন করেছেন। এর মধ্যে রয়েছে নদীয়ার কল্যাণী ঘোষ পাড়া, পশ্চিম বর্ধমানের পানাগড় এবং পুরুলিয়ার জয়চন্ডী পাহাড় স্টেশন। স্টেশনগুলিতে রয়েছে অত্যাধুনিক নানা সুযোগ সুবিধা, বিশ্রাম কক্ষ, ডর্মেটারি, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ওয়েটিং রুম প্রভৃতি। আধুনিক পরিকাঠামোর সঙ্গে স্টেশনগুলিতে সাংস্কৃতিক ঐতিহ্য ও যাত্রী স্বাচ্ছন্দের মেলবন্ধন ঘটানো হয়েছে।
রাজস্থানের বিকানের থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই প্রকল্পের উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, বিজেপি নেতৃত্বাধীন NDA সরকারের আমলে দেশে রেল পরিকাঠামোর অভূতপূর্ব উন্নতি হয়েছে। জনগণকেই নবরূপে সজ্জিত স্টেশনগুলির প্রকৃত মালিক হিসেবে অভিহিত করে প্রধানমন্ত্রী তাঁদের পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বজায় রাখার আর্জি জানান। ( বাইট- প্রধানমন্ত্রী অমৃত স্টেশন )
এই প্রসঙ্গে 'অপারেশন সিন্দুর'-এর উল্লেখ করে শ্রী মোদী বলেন, এই অভিযানের আওতায় হারত পাকিস্তানে সন্ত্রাসবাদীদের ঘাঁটিগুলি নষ্ট করে যোগ্য জবাব দিয়েছে। সন্ত্রাসবাদ মোকাবিলাতে এই 'অপারেশন সিন্দুর' তিনটি নতুন উদাহরণ স্থাপন করেছে। প্রত্যেক জঙ্গী হামলার ভারত যোগ্য প্রত্যুত্যর দেবে এবং তা' কিভাবে, তা দেশের সশস্ত্র বাহিনী স্থির করবে বলে তিনি মন্তব্য করেন। সন্ত্রাসবাদী তৎপরতার মূল চক্রী এবং যারা তাতে মদত দিচ্ছে, দুজনেই ভারত সমান চোখে দেখে বলেও তিনি মন্তব্য করেন। ( বাইট- মোদী সন্ত্রাসবাদ )
এই অনুষ্ঠানে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতীয় রেলে এক অভূতপূর্ব পরিবর্তন হয়েছে।

অমৃত ভারত/ জয়চন্ডী- পানাগড় ( ৬-৩৫) ২২-০৫-২১৫

নতুনভাবে সাজানো পুরুলিয়ার জয়চন্ডী পাহাড় রেল স্টেশনের উদ্বোধন করা হল আজ। সারা দেশের ১০৩ টি অমৃত ভারত স্টেশনের সঙ্গে এই স্টেশনকেও ভার্চুয়ালি জাতির উদ্দেশে উৎসর্গ করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই স্টেশনটির আধুনিকীকরণের খরচ হয়েছে ১১ কোটি টাকারও বেশি।

পূর্ব রেলের আসানসোল ডিভিশনের পানাগড় স্টেশনের যাত্রী স্বাচ্ছন্দের কথা মাথায় রেখে আধুনিকীকরণ করা হয়েছে। স্টেশনের দু'ধারে রয়েছে টিকিট কাউন্টারের ব্যবস্থা। এর ফলে যাত্রিদের অনেকটাই সুবিধা হবে।
বিশ্বমানের স্বাচ্ছন্দ পেয়ে খুশী যাত্রীরা।

হাবড়ায় জাল ওষুধ সহ গ্রেফতার এক ২২/০৫/২৫

উত্তর চব্বিশ পরগণার হাবড়া থেকে উদ্ধার হয়েছে বিপুল পরিমাণ জাল আয়ুর্বেদিক ওষুধ। হাবড়া পুরসভার কামারখুবা টালিখোলা মোর এলাকায় গতকাল দুপুরে গোপন সূত্রে খবর পেয়ে একটি ওষুধের কারখানায় তল্লাশি চালায় ড্রাগ কন্ট্রোল ফুড সেফটি ডিপার্টমেন্ট ও হাবরা থানার পুলিশ। কারখানা থেকে বাজেয়াপ্ত হয় বাচ্চাদের ইমুনিটি, কাশির সিরাপ সহ একাধিক অবৈধ ওষুধ । বিশ্বজিৎ ঘোষ নামে এক ব্যাক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। ওষুধ তৈরির কোনো লাইসেন্স বিশ্বজিতের কাছ থেকে পাওয়া যায়নি। অভিযুক্তকে বারাসত আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়। পুলিশ ওই কারখানা বন্ধ করে দিয়েছে। পিটিসি

গ্রামীণ নিকাশি ২২/৫

রাজ্যের গ্রামীণ নিকাশি ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে সুস্থায়ী পরিকল্পনা তৈরি করতে রাজ্যের পঞ্চায়েত দফতর আগামীকাল বৈঠকে বসছে। নিউ টাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে এই বৈঠকে রাজ্যের সব জেলাশাসক ও জিটিএ-র প্রিন্সিপাল সেক্রেটারিকে অংশগ্রহনের নির্দেশ দেওয়া হয়েছে।
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মিশন ডিরেক্টর এবং অতিরিক্ত সচিবের তরফে এই মর্মে এক বিজ্ঞপ্তিও জারি করা হয়েছে । এ ছাড়াও প্রতিটি জেলার মহকুমা আধিকারিক এবং সমস্ত
ব্লক উন্নয়ণি আধিকারিকদের উপস্থিতি আবশ্যিক
বলেও উল্লেখ করা হয়েছে।
পাশাপাশি এই কর্মসূচিতে বিভিন্ন দপ্তরের পদাধিকারিক এবং ইউনিসেফ, ইউএনওপিএস, ওয়াটার এইডের মত আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণেরও অনুরোধ জানানো হয়েছে।

অভিরূপ

পানীয় জল ২২/৫

: বাড়ি বাড়ি পিএইচই-র সংযোগ হলেও ছয় বছরেও জল না আসায় সঙ্কটে ভুগছে মালদার চাঁচোল ২ ব্লকের পুরাতন থানপুরের প্রায় তিন শ পরিবার। পানীয় জলের জন্য গভীর নলকূপ থাকলেও সেই জল আর্সেনিকযুক্ত। গৃহস্থালির কাজের জন্য গ্রামের পাশে থাকা মহানন্দা নদীর উপর ভরসা করতে হয় গ্রামবাসীকে। জৈষ্ঠের তীব্র গরমে জল সঙ্কটে জেরবার হয়ে পানীয় জলের দাবিতে আজ রাস্তায় বালতি রেখে বিক্ষোভ দেখান মহিলারা। তাদের অভিযোগ, এনিয়ে এলাকায় নেতা জনপ্রতিনিধিরা গ্রামে গেলে প্রতিশ্রুতি দেন । কিন্তু সমস্যা আজও মেটেনি। পঞ্চায়েতের তরফেও পর্যাপ্ত পানীয় জলের ব্যবস্থা নেই । তাই জলের চাহিদা মেটাতে নদীর জলকেই ভরসা করতে বাসিন্দাদের। আর পানীয় জলের জন্য ছুটতে হয় অনেকটা দূর।
চাঁচল মহকুমা পিএইচই অ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার সুমিত ঘোষ বলেন, বাসিন্দারা কেউ বিষয়টি জানাইনি। জল সরবরাহ পরিষেব যাতে স্বাভাবিক হয়, দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।

পি টি সি

চাকরীহারা ( অ্যাড ) ২২-০৫-২৫

এদিকে সল্টলেকের বিকাশভবনের সামনে চাকরীহারা শিক্ষকদের আন্দোলনে বিশৃঙ্খলার ঘটনায় দুই শিক্ষক নেতা ইন্দ্রজিত মন্ডল ও সুদীপ কোনার আজ সকালে বিধাননগর উত্তর থানায় হাজিরা দেন। ঘন্টা দেড়েক তাঁদের জিজ্ঞাসাবাদ করা হয় বলে জানা গেছে। বিষয়টি নিয়ে এই শিক্ষক নেতারা কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলে আদালত মৌখিকভাবে তাদের থানায় হাজিরা দেওয়ার নির্দেশ দেন।

অন্যদিকে সুপ্রিম কোর্টের রায়ে যোগ্য অযোগ্যদের বিষয়টি পর্যালোচনা করে রাজ্য সরকার চাকরী বাঁচানোর জন্য সদর্থক ভূমিকা পালন করছে না বলে চাকরীহারা শিক্ষকদের একাংশ অভিযোগ করেছেন। গতকাল তারা প্রদেশ কংগ্রেস কার্যালয়ে গিয়ে দলের সভাপতি শুভঙ্কর সরকারের সঙ্গে সাক্ষাত্ করেন। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর কাছে যাতে রাজনৈতিক দলগুলি তাদের সমস্যার কথা পৌঁছে দিতে পারে, তার অনুরোধও জানিয়েছেন চাকরীহারা যোগ্য শিক্ষকরা।

Manas sarobar (৭.৫০) ২২/৫

দীর্ঘ পাঁচ বছর পর আগামী মাসে আবার শুরু হচ্ছে কৈলাশ মানস সরোবর যাত্রা। চীন ও ভারতের মধ্যে সীমান্ত উত্তেজনা পরিপ্রেক্ষিতে ২০২০ সালে এই যাত্রা স্হগিত করা হয়েছিল। পরিস্হিতি কিছুটা স্বাভাবিক হতেই এবছর ২৫ শে জুন থেকে তীর্থযাত্রা আবার শুরু হচ্ছে। চলবে আগষ্ট মাস পর্যন্ত।

এবছর ৫ হাজার ৫৫১ জন আবেদনকারীর মধ্যে ৭৫০ জনকে মানস সরোবর যত্রার অনুমোদন দেওয়া হয়েছে বলে জানা গেছে । এই অনুমোদিত ৭৫০ জন তীর্থ যাত্রী দুটি রুটে তাদের যাত্রা করতে পারবেন।প্রতিটি ব্যাচে ২ জন করে লিয়াজো অফিসার থাকবেন।

আই পি এল/ অরুপ/মনোজ ২২/৫

কলকাতা থেকে আই পি এল ক্রিকেট ম্যাচ আমেদাবাদে স্থানান্তরিত করা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে রাজ্যের ক্রীড়া মন্ত্রী অরুপ বিশ্বাস মন্তব্য করেছেন । তিনি আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, আইন-শৃঙ্খলার অবনতি বা বৃষ্টি কোন কারনেই আইপিএলের দ্বিতীয় কোয়ালিফায়ার এবং ফাইনাল ম্যাচ এ রাজ্য থেকে স্থানান্তরিত করার প্রয়োজন ছিল না।শ্রী বিশ্বাস আরও বলেন বাংলার মানুষ এ ক্ষেত্রেও বঞ্চনার শিকার হলেন।

( বাইট)

সাংবাদিক বৈঠকে কলকাতার পুলিশ কমিশনার মনোজ কুমার ভার্মা বলেন, কলকাতায় যে সাতটি ম্যাচ খেলা হয়েছে সেখানে কোনো রকম দুর্ঘটনা ঘটেনি । বাকি দুটি ম্যাচেও একই রকম নিরাপত্তার ব্যবস্থা থাকত বলে তিনি আশ্বাস দেন।

উল্লেখ্য, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সমাজ মাধ্যমে এক পোস্টে বলেন, যে আইনশৃঙ্খলার অবনতি হওয়ার জন্যই আইপিএল স্থানান্তরিত করা হয়েছে।

অন্যদিকে বিসিসিআই জানিয়েছে কলকাতায় বৃষ্টির পূর্বাভাস থাকায় শেষ দুটি ম্যাচ আমেদাবাদে খেলা হবে।

কাশফিন

উষ্চ প্রাথমিকে /হাইকোর্ট ২২/৫

সুপ্রিম কোর্টের নির্দেশে চাকরিহারা ৬০০ জন শিক্ষক উষ্চ প্রাথমিকে নিয়োগে সুযোগ দেওয়ার দাবি জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন ।

তাদের দাবি ২০১৬ সালে উচ্চ প্রাথমিকে নিয়োগ এবং নবম –দশম, একাদশ ও দ্বাদশের নিয়োগ প্রক্রিয়ার বিজ্ঞপ্তি একই সময় প্রকাশিত হয়েছিল।

কিন্তু নবম থেকে –দ্বাদশের নিয়োগ প্রক্রিয়া আগেই সম্পন্ন হওয়ায় তারা চাকরি পেয়ে যান।সেই জন্য স্কুল সার্ভিস কমিশন এস এস সি, পঞ্চম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত উচ্চ প্রাথমিকের ইন্টারভিউতে এদের বসতে দেয়নি।

উচ্চ প্রাথমিকে যেহেতু এখনো নিয়োগ চলছে, তাই তাদের এখানে সুযোগ দেওয়ার জন্যে এই প্রার্থীরা আরও দাবি জানিয়েছেন । কারন হিসেবে তারা জানিয়েছেন, সুপ্রিমকোর্টের নির্দেশ মোতাবেক কোনো প্রার্থী চাইলে পুরনো চাকরিতে ফেরত যেতে পারবেন।

উল্লেখ্য একই দাবিতে এর আগে বেশ কয়েকজন চাকরিহারা আবেদন জানিয়েছিলেন হাইকোর্টের কাছে।নতুন করে আরো প্রায় ৬০০ জন মামলা করলেন উচ্চ আদালতে।

মানস